দৈনিক বাংলা

তারিখ ... 10 MAY 1990 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

# শিক্ষা ক্ষেত্রে উদ্ভাবনা প্রতিভার বিকাশ ঘটান : কাজী জাফর

।। স্টাফ রিপোর্টার ।।

প্রধানমন্ত্রী ও শিক্ষা মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত মন্ত্রী কাজী জাফর আহমদ বলেন, চতুর্থ পাঁচশালা পরিকল্পনা-কালে দেশের ১০ হাজার মাধ্যমিক স্কুলে বিজ্ঞান শিক্ষা প্রকল্পের (এসএসসি) দ্বিতীয় পর্যায়ের কর্মসূচী বাস্তবায়ন করা হবে।

গতকাল বুধবার ডঃ ইব্রাহিম স্মৃতি মিলনায়তনে (বারডম) মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান শিক্ষায় নতুন দিক নির্দেশনা শীর্ষক নয় দিনব্যাপী জাতীয়

(৪-এর পৃঃ দ্রঃ)

## কাজী জাফর

(প্রথম পৃঃ পর)

সেমিনারে প্রধান অতিথির ভাষণে তিনি একথা ঘোষণা করেন।

প্রধানমন্ত্রী আরও বলেন, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক ও ইউএনডিপির সাহায্যে ১৯৮৫ সালে এই কর্মসূচীর প্রথম পর্যায়ের কাজ শুরু হয়। এই পর্যায়ে দেশে ২০০ মাদ্রাসাসহ ৪ হাজার মাধ্যমিক স্কুলে বিজ্ঞান শিক্ষার ক্ষেত্রে শিক্ষাদানের ভিত তৈরী করা হয়। তিনি আরও বলেন, এই কর্মসূচীর আওতায় দেশে ১৭শ' স্কুল ও মাদ্রাসায় বিজ্ঞান ভবন তৈরী, যন্ত্রপাতি, রাসায়নিক দ্রব্য ও বইপুস্তক সরবরাহ করা হয়। এই কর্মসূচীকে আরও গতিশীল করার লক্ষ্যে ১০ হাজার শিক্ষককে ট্রেনিং ও নয়টি টিচার্স ট্রেনিং কলেজে বিজ্ঞান শিক্ষা উন্নয়ন কেন্দ্র স্থাপন করা হয়।

প্রধানমন্ত্রী আরও বলেন, দ্বিতীয় পর্যায়ের কর্মসূচী বাস্তবায়নের পর দশম শ্রেণী পর্যন্ত বিজ্ঞান শিক্ষা বাধ্যতামূলক করা সম্ভব হবে। প্রধানমন্ত্রী তার ভাষণে শিক্ষা ক্ষেত্রে সৃজনশীলতা ও উদ্ভাবনী প্রতিভার বিকাশ ঘটানোর জন্য যথাযথ গুরুত্বদানের আহবান জানিয়ে বলেন, এ ব্যাপারে কর্তৃপক্ষ কোনরূপ দ্বিধা-সংকোচ না করে সাহায্যদানে বদ্ধপরিকর। তিনি বিশ্ববিদ্যালয়ের ও বিভিন্ন গবেষণামূলক প্রতিষ্ঠানে নিয়োজিত বিজ্ঞানীদের মাধ্যমিক শিক্ষায় বিজ্ঞান শিক্ষা বিষয়ে সাহায্য করার জন্য সর্বাত্মক সহযোগিতার আহবান জানান।

এই কর্মশালা বাংলাদেশে বিজ্ঞান শিক্ষা বিষয়ক সমিতি (বাসি) এসএসইপি, ইউনেস্কোর বাংলাদেশ জাতীয় কমিশনের যৌথ উদ্যোগে আয়োজন করা হয়। উদ্বোধনী অধি-বেশনে সভাপতিত্ব করেন শিক্ষা সচিব জনাব এএনএম ইউসুফ। উদ্বোধনী অধিবেশনে অন্যান্যের মধ্যে ভাষণ দেন ইউনেস্কোর প্রতিনিধি ডঃ হেদায়েত আহমেদ , কর্মশালা পরিচালক ও প্রধান উপদেষ্টা ডঃ আবদুল্লাহ আল মুতী শরফুদ্দিন, সিপের পরিচালক ডঃ একেএম শামসুদ্দোহা, বাসির সাধারণ সম্পাদক জনাব মাহমুদ আলী, ইউনেস্কোর প্রতিনিধি জনাব আবদুস সেলিম, কর্মশালায় বিশ্ববিদ্যালয় কলেজের শিক্ষক, শিক্ষাবিদ, শিক্ষা-সূচী প্রণয়নকারীসহ বিশিষ্ট শিক্ষা-বিদগণ।